গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সালথা, ফরিদপুর।
(www.food.saltha.faridpur.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.২৯৯০.০০৭.৫৭.০০৪.২৩.৪৩০ তারিখ: ২১/১২/২০২৩ খ্রি.

# বরাদ্দ আদেশ

সূত্র: ১। ডিসেম্বর/২৩ মাসে ফরিদপুর জেলার সালথা উপজেলার টিসিবি'র পণ্য বিক্রির ক্যালেন্ডার;
২। জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর ১৭/১২/২০২৩ খ্রি. তারিখের ২১২ নং স্মারক।

খাদ্য মন্ত্রণালয়ের ০৯/০৭/২০২৩ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.৫৪৬.৩৩.০০৩.২২.১৪৯ নং স্মারকে জারীকৃত পরিপত্র ও সূত্রসস্থ স্মারকের চাহিদার আলোকে সালথা উপজেলাধীন টিসিবি'র কার্ডধারীগণের (পরিবার) মাঝে ওএমএস খাতের চাল বিতরণের লক্ষ্যে নিম্ন বর্ণিত ওএমএস ডিলারগণের অনুকূলে বরাদ্দকৃত চাল উত্তোলন করে তাদের নামের পার্শ্বে বর্ণিত টিসিবি ডিলারগণের দোকান/বিক্রয় কেন্দ্রে পৌঁছে দেয়ার নিমিত্ত ডিসেম্বর/২০২৩ মাসের জন্য নিম্নরূপভাবে বরাদ্দ প্রদান করা হলো।

| ক্র. নং | ওএমএস/খাদ্যবান্ধব ডিলারের নাম ও মোবাইল নম্বর | ডিলারের ধরণ | ঠিকানা | বরাদ্দকৃত চালের পরিমান (মে: টন) | টিসিবি ডিলারের নাম ও মোবাইল নম্বর | বিক্রয় কেন্দ্র | টিসিবি ডিলারে র কার্ড সংখ্যা | প্রাপ্য চালের পরিমান (০৫ কেজি হারে) | বিক্রয়ের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব মো: হেমায়েত হোসেন মোবা: ০১৭১৮-৪১০৯৪১। | ওএমএস | সালথা সদর বাজার | ১৮.৮৪০ | জনাব হায়দার মোল্লা মে/ মোল্লা ট্রেডার্স মোবা: ০১৭১১-৩০৯৫৯৫। | মাঝারদিয়া | ৬৬৬ | ৩.৩৩০ | ২৭/১২/২০২৩ |
| ২ | | | | | জনাব মো: হেমায়েত হোসেন মে/ হেমায়েত ট্রেডার্স মোবা: ০১৭১৮-৪১০৯৪১। | আটঘর | ৯৭২ | ৪.৮৬০ | |
| ৩ | | | | | জনাব মো: রাকিব মল্লিক মে/ রাকিব এন্টারপ্রাইজ মোবা: ০১৬২৩-৩৮১৮৮৫। | রামকান্তপুর | ৭০৫ | ৩.৫২৫ | |
| ৪ | | | | | জনাব মো: ফারুখ হোসেন মে/ ফারুখ ট্রেডার্স মোবা: ০১৭৪৭৩০০৮৮০। | বল্লবদি | ৬৬৮ | ৩.৩৪০ | |
| ৫ | | | | | জনাব জাকির মোল্লা মে/ জাকির স্টোর মোবা: ০১৭৬৬-৩৭৫৪৯১। | ভাওয়াল | ৭৫৭ | ৩.৭৮৫ | |
| ৬ | জনাব পবীত্র কুমার মন্ডল মোবা: ০১৮৫০-১১৫৩৬৬। | ওএমএস | সালথা সদর বাজার | ১৩.৩৮৫ | জনাব মেরী বেগম মে/ মারিয়া এন্টারপ্রাইজ মোবা: ০১৭৪৯-৮৪৭১২৯। | গট্টি | ৬২০ | ৩.১০০ | |
| ৭ | | | | | জনাব রুনা বেগম মে/ ইয়াহিয়া এন্টারপ্রাইজ মোবা: ০১৭৬০-০৪০০২৩। | গট্টি | ৬২০ | ৩.১০০ | |
| ৮ | | | | | জনাব রেজাউল তালুকদার মে/ তালুকদার এন্টারপ্রাইজ মোবা: ০১৭১৭-৪৮৩৫৯৬। | যদুনন্দী | ১০১৭ | ৫.০৮৫ | |
| ৯ | | | | | জনাব আসিরন বেগম মে/ মিম এন্টারপ্রাইজ মোবা: ০১৩০৫-৪১৬০৪৫। | সোনাপুর | ৪২০ | ২.১০০ | |
| | | | | | | **মোট=** | **৬৪৪৫** | **৩২.২২৫** | |

**শর্তাবলীঃ**

১। ওএমএস ডিলারগণ মাসের বরাদ্দকৃত চাল সরকার নির্ধারিত এক্স গুদাম মূল্যে (প্রতি কেজি ২৬/- টাকা হারে) ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের (নিম্নস্বাক্ষরকারী) দপ্তর হতে ডিও (বিলি আদেশ) গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট (সালথা) এলএসডি হতে চাল উত্তোলন করবেন এবং তাদের নামের পার্শ্বে বর্ণিত টিসিবি ডিলারগণের গুদামে নিজ দায়িত্বে পৌঁছে দেবেন, প্রয়োজনে ওএমএস ডিলারগণ সংশ্লিষ্ট টিসিবি ডিলারের সাথে পূর্বে যোগাযোগ করে নিবেন;

অ.পৃ.দ্র

২। ওএমএস ডিলারগণ অবশ্যই নির্ধারিত বিক্রয় দিবসের কমপক্ষে ০১ (এক) দিন পূর্বে টিসিবি ডিলারের নিকট চাল পৌছে দেবেন;

৩। ওএমএস ডিলারগণ তাদের বরাদ্দকৃত/ডিও'র পরিমান চালের মূল্য ২৮/- (আটাশ) টাকা হারে টিসিবি ডিলারগণের নিকট থেকে নগদ গ্রহণ করবেন;

৪। টিসিবি ডিলারগণ ভোক্তাগণের মাঝে কার্ড প্রতি ০৫ (পাঁচ) কেজি হারে প্রতি কেজি চাল ৩০/-(ত্রিশ) টাকা দরে বিক্রি করবেন;

মুনা প্রস্তুত করবেন। যা সংশ্লিষ্ট এলএসডি, ওএমএস/খাদ্যবান্ধব ডিলার ও টিসিবি ডিলার এর নিকট সংরক্ষিত থাকবে;

৭। ওএমএস ডিলারগণ গুদাম হতে চাল উত্তোলনের পর এবং অনুরূপভাবে টিসিবি ডিলারগণ ওএমএস ডিলারগণের নিকট থেকে চাল বুঝে নেয়ার পর কোন পক্ষের তরফ থেকে চালের ওজন, মান ও আর্থিক বিষয় বা অন্য কোন প্রকার অভিযোগ গ্রহণযোগ্য হবে না;

৮। টিসিবি ডিলারগণকে বিক্রয় সম্পন্ন করে বিক্রিত চালের পরিমান উল্লেখ পূর্বক বিক্রয় সংক্রান্ত প্রত্যয়ন/প্রমানক (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) অবশ্যই পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সালথা, ফরিদপুর এ দাখিল করতে হবে;

৯। মাসের অবিক্রিত চাল (যদি থাকে) অবশ্যই চাহিদাপত্রে তা উল্লেখ থাকতে হবে এবং পরবর্তী মাসে উহা সমন্বয় করা হবে;

১০। খাদ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কোন অবস্থাতেই টিসিবি তালিকাভুক্ত কার্ডধারী ছাড়া কারো নিকট ওএমএস খাতের চাল বিক্রি করা যাবে না;

১১। উক্ত কার্যক্রম চলাকালীন সময়ে খাদ্য বিভাগের যে কোন কর্মকর্তা যে কোন সময়ে পরিদর্শন করতে পারবেন এবং টিসিবি ও ওএমএস ডিলারগণ নিজ নিজ মজুত রেজিস্টার, মাস্টার রোলসহ অন্যান্য হিসাবাদি যাচাই কাজে/পরিদর্শনে সহযোগিতা করতে বাধ্য থাকবেন;

১২। উক্ত কর্মসূচি/কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে ওএমএস ও টিসিবি ডিলারগণ পরস্পরের সাথে সমন্বয় পূর্বক সফলভাবে বাস্তবায়ন করবেন, কোনরূপ গাফিলতি, গড়মিল ও অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে বা বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে সুপারিশ করা হবে;

১৩। সরকারি ছুটির দিন, ব্যাংক লেন-দেন বন্ধ, সময়ের স্বল্পতা বা অন্য কোন কারণে অনিবার্য কারণ বশতঃ টিসিবি'র ক্যালেন্ডার অনুযায়ী চাল পৌছানো সম্ভব না হলে ওএমএস ডিলারগণ টিসিবি ডিলারগণের সাথে আলোচনা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে বিক্রয় দিবস পরিবর্তন করতে পারবেন;

১৪। সময়ে সময়ে সরকার বা কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা সমূহ ওএমএস ও টিসিবি ডিলারগণ তাৎক্ষণিক প্রতিপালন করতে বাধ্য থাকবেন।

২১/১২/২০২৩

**(মোহাম্মদ আফজাল হোসেন)**
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অ.দা.)
সালথা, ফরিদপুর
মোবা: ০১৭১৩-৫৯৪৬৮৯।

স্মারক নম্বর: ১৩.০১.২৯৪৭.০০৭.৫৭.০০৪.২৩.৪৩০

তারিখ: ২১/১২/২০২৩খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ফরিদপুর।
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সালথা, ফরিদপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর।
৭। সহকারী পরিচালক(অফিস প্রধান), টিসিবি, মাদারীপুর।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সালথা এলএসডি, ফরিদপুর।
৯। চেয়ারম্যান (সকল),........................., ইউনিয়ন পরিষদ, সালথা, ফরিদপুর।
১০। জনাব ..........................., তদারকি কর্মকর্তা, টিসিবি বিক্রয় কেন্দ্র, ..................বাজার, সালথা, ফরিদপুর।
১১। জনাব ..........................., ওএমএস ডিলার, ...................... .....বাজার, সালথা, ফরিদপুর।
১২। জনাব ........................., টিসিবি ডিলার .......................বাজার, সালথা, ফরিদপুর।
১৩। অফিস কপি।

২১/১২/২০২৩

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সালথা, ফরিদপুর।